


## বেঙ্গল পার্টিশন রিপোর্জিটরি

‘বেঙ্গল পার্টিশন রিপোর্জিটরি’ একটি নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় প্রকল্পিত বাংলার পার্টিশন বিষয়ক ডিজিটাল সংগ্রহশালা। ভারতবর্ষের স্বাধীনতা ও পার্টিশন এবং পরবর্তীকালে ১৯৭১সালে বাংলাদেশ জাতি-রাষ্ট্র উদ্ভবের কালপর্বে বাংলার মানুষের ব্যক্তিক স্মৃতি ও সংগ্রহ নিয়ে গড়ে উঠেছে এই ডিজিটাল রিপোর্জিটরি। মুক্ত বিশ্ববিদ্যালয়ের কার্যকরী পরিসীমার ব্যাপক ক্ষেত্রকে ব্যবহার করে সাধারণ মানুষের স্মৃতি, লেখালিখি ও ব্যক্তিগত স্মারক সংগ্রহের ওপর গুরুত্ব দিয়েছে এই গবেষণা প্রকল্প। পশ্চিমবঙ্গ ও বাংলাদেশে জেলা ভিত্তিক সাক্ষাৎকার সংগ্রহের কাজ হয়েছে। বিগত তিন বছর ধরে (২০১৬-১৯) এই সাক্ষাৎকারগুলি গ্রহণ করেছেন প্রকল্পের গবেষকরা। ২০১৬সালে গৃহিত গবেষণা প্রকল্পটির পরিসরে প্রথমে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দূরশিক্ষা অধিকরণ, পরবর্তী বছরে খুলনা বিশ্ববিদ্যালয়ের ইংলিশ ডিসিপ্লিন ও বর্তমানে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথভাবে মৌ-স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশের ক্ষেত্র-সমীক্ষাগুলি সেই মৌ-এর ভিত্তিতেই পরিকল্পিত হয়েছে।

‘বেঙ্গল পার্টিশন রিপোর্জিটরি’ মূলত কলকাতার বাইরে মফঃস্বল, জেল-সদর ও গ্রামে সাক্ষাৎকার গ্রহণের কাজ করেছে এবং করে চলেছে। সাক্ষাৎকারগুলি গ্রহণ করা, তাঁদের সামনে প্রকল্পের বিস্তারিত উপস্থাপন সর্বক্ষেত্রেই যোগাযোগের মাধ্যম ছিল বাংলা; ইংরেজি মাধ্যমে ক্ষেত্র-সমীক্ষায় কোন ভাববিনিময় করা হয় নি। এই প্রকল্পে সাক্ষাৎকার প্রদানকারীরা সকলেই সাক্ষাৎকার গ্রহণকারীদের পূর্বে পরিচিত ছিলেন—অনেকক্ষেত্রেই উভয়ের মধ্যে আত্মীয়তার বন্ধন রয়েছে। সাক্ষাৎকারগুলি নেবার পূর্বে তাঁদের বিস্তারিত জানানো হয়েছে। সাক্ষাৎকার গ্রহণের সময় পূর্ব-নির্ধারিত পরিকল্পনা মত কোনো সুনির্দিষ্ট প্রশ্নে আটকে যাওয়া হয় নি; বরং তাঁর বলা নিজের জীবনের গল্পটিকেই শুনেছি আমরা। প্রাথমিক পর্বের ন্যূনতম প্রয়োজনীয় তথ্যাদি ব্যতিরেকে এই প্রকল্পের সাক্ষাৎকারগুলি আসলে প্রত্যেকের কথিত নিজের জীবনের গল্প—যেমনভাবে ওই দিন ওই নির্দিষ্ট পরিস্থিতিতে তিনি গল্পটি বলেছিলেন। প্রতিটি সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও অন্যান্য তথ্য ক্যাটালগে প্রদত্ত হয়েছে। গৃহিত

4  নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় | বাংলার পার্টিশন সংগ্রহ

সাক্ষাৎকারগুলির সম্পূর্ণ ভিডিও বয়ান সংরক্ষণ করছে ‘বেঙ্গল পার্টিশন রিপোসিটরি’।

প্রথম পর্যায়ের এই ক্যাটালগে প্রদত্ত তথ্যের সব দায়িত্ব ‘ভাষা, অনুবাদ, সংস্কৃতি চর্চা কেন্দ্র’ গ্রহণ করে। সাক্ষাৎকার প্রদানকারীর লিখিত সম্মতি নিয়ে এই কতিপয় তথ্য প্রতিটি সাক্ষাৎকার গ্রহণের নির্দিষ্ট তারিখসহ ক্যাটালগে উল্লিখিত হ’ল।

২৯ ফেব্রুয়ারি, ২০২০

ডিডি-২৬, সেক্টর-১,

সল্টলেক সিটি, কলকাতা

মননকুমার মণ্ডল

ডিরেক্টর, স্কুল অব হিউম্যানিটিস

# Bengal Partition Repository

Bengal Partition Repository is a digital attempt of Netaji Subhas Open University to collect chronicles on Bengal Partition. The repository itself developed as people's endeavor under a people's university. It has been framed by individual memories and collection shared by the people during the epoch making of Indian sub-continent, 1947 and the 1971, the formation of Bangladesh. Primarily, an UGC-DEB sponsored research project was taken up to collect personal memories, mementos and writings on Bengal Partition in 2016 within the working praxis of this Open University. To reach out people for such endeavor using the network of an OU across the state of West Bengal is none the less an interesting venture to all of us. Subsequently this initiative has been tied up with other universities of Bangladesh as well. This is to note that this project is broadly associated with humanities where the story of

trauma, agony, sense of loss and gain, tragedy & triumph has curved the path of narration—may be the history.

The interviews have been collected from various districts of West Bengal and a few of Bangladesh. Almost fifty researchers from different schools, colleges & universities of West Bengal have been interviewing people for last three years. MoU has been signed with the English Discipline(2017-18), Khulna University & Bangladesh Open University(2019-20) respectively. Those attempts were useful to reach the unreached lived in districts or downtown away from the acropolis. Various shades of life and different social strata in narratives inculcates the parabola of power structure in contemporary living after seven decades of independence of India.

While interviewing, the language that has been used for interaction and representation of the memoirs is Bangla.

English has not been used as a medium in any field surveys or interviews as well. The interviews chosen in the project are known to the interviewers, in many cases they are relatives and have blood relation. They were free to narrate their own story without any intervening questionnaire. In a sense the interviews recorded in this project is the life story of the interviewee as told on that day and particular situation. However the project has noted some basic information of the interviewee and written permission prior to fix the date of face to face recording. These information constitutes the present catalogue of which video & audio versions are kept on record offline with due credit.

This is a very humble attempt, incomplete too, from our end will surely be carried out vastly and decisively on Bengal Partition in future.

29 February, 2020

DD26, Sector 1  
Salt Lake City, Kolkata

**Manan Kumar Mandal**

Director, School of Humanities